

স্নাতক পাঠক্রম ( B.D.P.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা ( Term End Examination ) :

ডিসেম্বর, ২০১৪ ও জুন, ২০১৫

বাংলা ( Bengali )

সহায়ক পাঠক্রম ( Subsidiary )

প্রথম পত্র [ ( S-1 ) SBG-I : Bangla Sahityer Itihas  
O Bhasatattwa ]

সময় : তিন ঘণ্টা

পূর্ণমান : ১০০

( মানের গুরুত্ব : ৭০% )

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে।  
অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর  
কেটে নেওয়া হবে। উপাস্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪০০ শব্দে) :

২০ × ২ = ৪০

(ক) আদিযুগের বাংলা সাহিত্যের সর্বশ্রেষ্ঠ নিদর্শন  
চর্যাপদ-এর গুরুত্ব সম্পর্কে আলোচনা করুন।

(খ) বাংলা শব্দভাণ্ডার কী কী উপাদানে গড়ে উঠেছে ?  
এই উপাদানগুলির পরিচয় দিন।

(গ) 'চণ্ডীমঙ্গল' কাব্যধারার পরিচয় দিয়ে এই ধারার শ্রেষ্ঠ  
কবি সম্পর্কে আলোচনা করুন।

(ঘ) বাংলা ভাষায় রচিত চৈতন্য জীবনীগুলির নাম উল্লেখ  
করে এই ধারার একজন বিশিষ্ট কবির কৃতিত্বের  
পরিচয় দিন।

(ঙ) আধুনিক বাংলা মহাকাব্যের ধারার উদ্ভব ও বিকাশের  
পরিচয় দিন।

২। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) :

১২ × ৩ = ৩৬

(ক) মধ্য বাংলা ভাষার স্তরবিভাগ করে এদের সাধারণ  
লক্ষণগুলি চিহ্নিত করুন।

(খ) ভাগবতের অনুবাদক মালাধর বসুর কাব্য ও  
কবিকৃতিত্বের পরিচয় দিন।

(গ) বৈষ্ণব পদসাহিত্যে কবি জ্ঞানদাস ও গোবিন্দদাসের  
কৃতিত্বের পরিমাপ করুন।

(ঘ) শাক্তপদাবলী রচনার সামাজিক পটভূমি ও কবি  
রামপ্রসাদ সম্পর্কে আলোচনা করুন।

- (ঙ) কবিওয়ালাদের আবির্ভাবের কারণ ব্যাখ্যা করে দু'জন কবিওয়ালার কবিত্বের পরিচয় দিন।
- (চ) বাংলা গদ্য প্রবন্ধে বঙ্কিমচন্দ্রের অবদান আলোচনা করুন।
- (ছ) নাট্যকার হিসেবে দীনবন্ধু মিত্র-র গুরুত্ব নির্ণয় করুন।
- ৩। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দিন :  $৬ \times ৪ = ২৪$
- (ক) বাঙালি কবিদের সংস্কৃত ও অপভ্রংশে লেখা কাব্যগুলির উল্লেখ করুন।
- (খ) মহাভারতের অনুবাদক হিসেবে কাশীরাম দাসের কৃতিত্বের পরিচয় দিন।
- (গ) 'অন্নদামঙ্গল' কাব্য ও তার কবির সংক্ষিপ্ত পরিচয় দিন।
- (ঘ) বাংলা গদ্যরচনায় অক্ষয়কুমার দত্ত-র বৈশিষ্ট্যের পরিচয় দিন।
- (ঙ) কবি ঈশ্বরচন্দ্র গুপ্তকে 'যুগসন্ধির কবি' আখ্যা দেওয়ার কারণ বিবৃত করুন।
- (চ) রবীন্দ্রনাথের যে কোন একটি উপন্যাসের সংক্ষিপ্ত পরিচয় দিন।
- (ছ) বাংলা কাব্যে কবি যতীন্দ্রনাথ সেনগুপ্ত-র গুরুত্ব আলোচনা করুন।

- (জ) শূন্যস্থান পূরণ করুন :
- i) কবীন্দ্র পরমেশ্বর, অনুদিত মহাভারতের নাম ..... ।
- ii) 'চৈতন্য চরিতামৃতম্' ..... এর রচনা।
- iii) দৌলত কাজীর লেখা কাব্যের নাম ..... ।
- iv) 'হতোম প্যাঁচার নক্সা' ..... -এর রচনা।
- v) 'চন্দ্রগুপ্ত' .....-এর রচিত নাটক।
- vi) 'বিষের বাঁশী' রচনা করেন ..... ।